মুজিবনগরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান

মুজিবনগরে দরিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচি ও প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি(পিএসকেএস) আয়োজনে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে,ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকালে উপজেলার ভবানীপুর ফুটবল খেলার মাঠে এই ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি(পিএসকেএস) এর মোনাখালী ব্রাঞ্চের সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী হাসানুজ্জামান এর সভাপতিত্বে, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,মোনাখালি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,প্রবীন কমিটির সভাপতি আব্দুল মান্নান,মোনাখালি ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ড সদস্য মোমিনুর রহমান, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ইমন হাসান ও আজহারুল ইসলাম,বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক রকিবুল ইসলাম, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি সমাজ উন্নয়ন কর্মকর্তা (SDO)রহিম আক্তার, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (PSKS), সহকারী পরিচালক সাইফুল ইসলাম।

ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি(পিএসকেএস) এর ১৮টি শিক্ষা সহায়তা কেন্দ্রের শিক্ষার্থী এবং মোনাখালি ইউনিয়নের উন্নয়নের যুবসমাজ অংশগ্রহন করে।

কুষ্টিয়া বলিদাপাড়া বালিকা বিদ্যালয়ে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন বলেছেন, ‘সুন্দর ও সুস্থ জীবন গঠনে এবং প্রতিযোগিতামূলক মনোভাব সৃষ্টিতে খেলাধুলার গুরুত্ব অপরিসীম। জয়-পরাজয় প্রতিযোগিতার পথ ধরেই সৃষ্টি হয় এবং প্রতিযোগিতার ফলে খেলার মান উন্নত হয়।’

তিনি গতকাল বিকেলে মিরপুর উপজেলার বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

তিনি বলেন, খেলাধুলা হচ্ছে লেখাপড়ার অবিচ্ছেদ্য অংশ। খেলাধুলা শরীর গঠনে ও মেধা বিকাশে সহায়তা করে। সুস্থ দেহ, সুস্থ মন গড়ে তোলে। বিশ্ব সম্প্রীতি বৃদ্ধি করে। কাজেই খেলাধুলা ছাড়া লেখাপড়া অসম্পূর্ণ থেকে যায়। এছাড়াও আন্তর্জাতিক অঙ্গনে দেশের পরিচিতি ও সম্মান বাড়ানোর ক্ষেত্রে খেলাধুলার ভূমিকা অনস্বীকার্য।

তিনি বলেন, বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয় আয়োজিত আজকের এ বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক প্রতিযোগীতার মধ্য দিয়ে আমাদের নতুন প্রজন্ম, আমাদের ছাত্র ছাত্রীরা বঙ্গবন্ধুকে নতুন ভাবে জানার সুযোগ লাভ করবে। তারা জাতির পিতার আদর্শে উদ্বুদ্ধ হয়ে সুনাগরিক হবার দীপ্ত শপথে বলীয়ান হবে।

বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক মমিনের সভাপতিত্বে এসময় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মিরপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জয়নাল আবেদীন, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম মন্টু, উপজেলা আওয়ামীলীগের নাট্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক তকরিম উদ্দিন খান, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক শাহানুর মালিথা, বলিদাপাড়া বালিকা বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ফিরোজ আলম স্বপন, সহকারী প্রধান

শিক্ষক সুলতান মাহমুদ, ইরিনা খাতুন, বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য মোহাম্মদ মিঠু মন্ডল, জালাল উদ্দিন মন্ডল, মোহন আলী খান, মঞ্জু মৌলভী, ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি সুমন মালিথা, সাধারন সম্পাদতকব এজে অপিসহ অভিভাবক সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন।

দিনব্যাপী বিদ্যালয়ের শিক্ষার্থীদের সমন্বয়ে দৌড় প্রতিযোগিতা, দীর্ঘ লম্ফ, মার্বেল চামুচ মুখে দৌড়, দড়ি লাফ, পাতিল ভাঙ্গা, বর্ষা-চাকতি-গোলক নিক্ষেপ, আবৃত্তি, নৃত্য ও চমকপ্রদ ইভেন্ট যেমন খুশি তেমন সাজসহ বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক এনামূল হক বাবু।
ক্রীড়া প্রতিযোগীতা পরিচালনা করেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক সুলতান মাহমুদ।